


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.১৩৯.০২৫.০০.০০.০৩০.২০১৬/৫১৪

তারিখঃ ২৫-০৬-২০২০খ্রিঃ

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিএজিভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম ফাউন্ডেশন) কর্তৃক পরিচালিত চলতি ২০১৯-২০ অর্থবছরে বিসিএস (স্বাস্থ্য) কর্মকর্তাগণের সমাপ্ত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ ব্যয় পরিশোধের অনুমতি প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ (১) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- ডিজিএইচএস/এমই এন্ড এইচএমপিডি/বুনিয়াদি(প্রশিক্ষণ)/অর্থ-ছাড়/২০১৯-২০/৫৫৬, তারিখঃ ১৪/০৬/২০২০খ্রি.
(২) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- ডিজিএইচএস/এমই এন্ড এইচএমপিডি/বুনিয়াদি(প্রশিক্ষণ)/অর্থ-ছাড়/২০১৯-২০/৫৯১, তারিখঃ ২১/০৬/২০২০খ্রি.

উপরি-উক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে চলতি ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে স্বাস্থ্য অধিদপ্তরের অনুকূলে ৩২৩১৩০১-প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত ২৩,০০,০০,০০০/- (তেইশ কোটি) টাকার অব্যয়িত অর্থ হতে ছকে বর্ণিত প্রতিষ্ঠানদ্বয়ের অনুকূলে ২,৬৭,৫১,২০০/- (দুই কোটি সাতষট্টি লক্ষ একান্ন হাজার দুইশত) টাকার প্রশিক্ষণ ব্যয় পরিশোধের অনুমতি নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো।

কোর্স/খাতের নাম	যে প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো	টাকার পরিমাণ
বিসিএস (স্বাস্থ্য)	বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা	৭১,৫০,০০০/-
কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ	বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম ফাউন্ডেশন), ঢাকা (৭৪তম, ৭৫তম এবং ৭৬তম ব্যাচের জন্য)	১,৯৬,০১,২০০/-
	মোট	২,৬৭,৫১,২০০/-

শর্তাবলীঃ

- অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ/সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে;
- এ অর্থ ব্যয়ের বিষয়ে অনিয়মের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে; এবং
- সম্মানী ভাতাসহ অন্যান্য ভাতাদি প্রদানের ক্ষেত্রে সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।


(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন, ৬৩, নিউ ইন্সটান, ঢাকা-১০০০।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। অতিরিক্ত সচিব (বাজেট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।